



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর
www.iau.edu.bd



E-mail: iaupro.bd@gmail.com

বাড়ি নং-১২৪/৯০/০৩, ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/জনসংযোগ ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০১৪৬

তারিখ: ১৭ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে 'ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৩'

শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত

আজ ঐতিহাসিক মুজিবনগর দিবস। ১৯৭১ সালের এই দিনে স্বাধীন বাংলার প্রথম অস্থায়ী সরকারের আনুষ্ঠানিকভাবে শপথ গ্রহণের মধ্য দিয়ে বিশ্বের বুকে একটি ভূখন্ড ও একটি পতাকা অর্জনের পথে আরও একধাপ এগিয়ে যায় বীর বাঙালি। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করেছে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়। এ উপলক্ষে সকালে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। পরে সকাল ১১.০০ টায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে 'ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৩' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ। প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মুক্তিযুদ্ধ পরিচালনায় এবং স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসেবে বাংলাদেশের বিজয় অর্জনে ঐতিহাসিক মুজিবনগর দিবসের ভূমিকা নিয়ে আলোকপাত করেন। এ সময় তিনি উন্নত-সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ প্রতিষ্ঠায় বঙ্গবন্ধুর কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রতিষ্ঠিত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য অর্জনে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে নিজ নিজ অবস্থান থেকে কার্যকর ভূমিকা রাখার প্রতি আহ্বান জানান।

আলোচনা সভায় উপস্থিত বক্তারা ঐতিহাসিক এ দিবসটির গুরুত্ব ও তাৎপর্য নিয়ে বক্তব্য প্রদান করেন। উক্ত সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-পরিচালক (পওউ), অধ্যাপক ড. মো: রফিক আল-মামুন, সহকারী অধ্যাপক, ড. জাভেদ আহমাদ, সহকারী রেজিস্ট্রার, জনাব মো: জাকির হোসেন, সহকারী রেজিস্ট্রার, জনাব ফাহাদ আহমাদ মোমতাজী ও সহকারী পরিচালক (পওউ), জনাব মো: জিয়াউর রহমানসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, বঙ্গবন্ধু পরিষদ, অফিসার্স এসোসিয়েশন ও কর্মচারী পরিষদের নেতৃবৃন্দ। সভা শেষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারবর্গসহ জাতীয় চার নেতা, মুক্তিযুদ্ধে সকল শহীদের রুহের মাগফিরাত কামনা করে দেশ ও জাতির সার্বিক কল্যাণে দোআ ও মোনাজাত করা হয়। আলোচনা সভায় সঞ্চালকের দায়িত্ব পালন করেন ড. মো: আবু হানিফা, উপ-রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নাথ।

স্বাক্ষরিত/-

১৭/০৪/২০২৩

(ড. মো: আবু হানিফা)

উপ-রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়